

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫১৬৫

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (کتاب الرقاق)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ

الفصيل الاول

আরবী

وَعَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍ وَقَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «قَدْ أَفْلَحَ مَنْ أَسْلَمَ وَكُنْ قَافًا وَقَنَّعَهُ اللَّهُ بِمَا آتَاهُ» . رَوَاهُ مُسلم

رواه مسلم (125 / 1054)، (2426) ۔ (صَحِیح)

বাংলা

৫১৬৫-[১১] 'আবদুল্লাহ ইবনু 'আমর (রা.) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ (সা.) বলেছেন: সে ব্যক্তিই সফলকাম হয়েছে, যে ইসলাম গ্রহণ করেছে এবং তাকে প্রয়োজন মাফিক রিয়ক প্রদান করা হয়েছে এবং আল্লাহ তাকে যা দিয়েছেন তাতে সম্ভুষ্ট রেখেছেন। (মুসলিম)

ফুটনোট

সহীহ: মুসলিম ১২৫-(১০৫৪), আস্ সুনানুল কুবরা লিল বায়হাকী ৮১২১, মুসনাদে আহমাদ ৬৫৭২, সহীহ আত্ তারগীব ওয়াত্ তারহীব ৮২৯, তিরমিয়ী ২৩৪৮, ইবনু মাজাহ ৪১৩৮, সহীহুল জামি ৪০৬৮, সিলসিলাতুস্ সহীহাহ্ ১২৯, মুসনাদে 'আব্দ ইবনু হুমায়দ ৩৪১, ৬৭০, শুআবুল ঈমান ৯৭২৩, আল মুসতাদরাক লিল হাকিম ৭১৪৯।

ব্যাখ্যা

ব্যাখ্যা : (قَدْ أَفْلَحَ مَنْ أَسْلَمَ وَرُزِقَ كَفَافًا) এখানে (کَفَافًا) দ্বারা যথেষ্ট পরিমাণ তথা মাঝামাঝি অবস্থা বুঝানো হয়েছে। খুব বেশিও না, আবার একেবারে কমও না। (শারহুন নাবাবী ৭ম খণ্ড, হা. ১০৫৪/১২৫)



(১ আল্লাহ তা'আলা তাকে যা দিয়েছেন তার প্রতি তাকে তুষ্ট করেছেন অর্থাৎ আল্লাহ তাআলা তাকে অভাবী বানায়নি আবার অধিক সম্পদের অধিকারী করেনি, অথচ এতেই সে সম্ভুষ্ট থাকে এবং আল্লাহর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে। আল্লাহ তা'আলা তার জন্য যা নির্ধারণ করেছেন তার প্রতি রাজি-খুশি থাকে। (মিরক্লাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন